

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৯৩০

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৬. দ্বিতীয় অনুচ্ছেদ - নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর ওপর দর্মদ পাঠ ও তার মর্যাদা

## আরবী

وَعَن فَضَالَة بِن عُبَيْدٍ قَالَ: بَيْنَمَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَاعِدٌ إِذْ دَخَلَ رَجُلٌ فَصَلَّى فَقَالَ: اللَّهُمَّ اغْفِرْ لِي وَارْحَمْنِي فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «عَجِلْتَ فَصَلِّي فَقَالَ: اللَّهُمَّ اغْفِرْ لِي وَارْحَمْنِي فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْ وَسَلَّمَ ادْعُهُ» . قَالَ: ثُمَّ الْمُصلِّي إِذَا صَلَّيْتَ فَقَعَدْتَ فَاحْمَدِ اللَّهَ بِمَا هُوَ أَهْلُهُ وَصَلِّ عَلَيَّ ثُمَّ ادْعُهُ» . قَالَ: ثُمَّ مَلَى رَجُلُّ آخَرُ بَعْدَ ذَلِكَ فَحَمِدَ اللَّهَ وَصَلَّى عَلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ذَلِكَ فَحَمِدَ اللَّهُ وَصَلَّى عَلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ : «أَيُّهَا الْمُصلِّى ادْعُ تُجَبْ» . رَوَاهُ التِرْمِذِيُّ وَرَوَى أَبُو دَاوُدَ وَالنَّسَائِيِّ نَحوه

#### বাংলা

৯৩০-[১২] ফুযালাহ্ ইবনু 'উবায়দ (রাঃ)হতে বর্ণিত। তিনি বলেন, একদা রস্লুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম উপবিষ্ট ছিলেন। তখন একজন লোক এলেন। তিনি সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করলেন এবং এই দু'আ পড়লেন, ''আল্লা-হুম্মাগফিরলী ওয়ারহামনী'' (অর্থাৎ- হে আল্লাহ! তুমি আমাকে ক্ষমা কর ও আমার ওপর রহম কর)। এ কথা শুনে রস্লুল্লাহ সাল্লাল্লাহ্ছ আলাইহি ওয়াসাল্লাম বললেন, হে সালাত আদায়কারী! তুমি তো নিয়ম ভঙ্গ করে বড্ড তাড়াহুড়া করলে। তারপর তিনি বললেন, তুমি সালাত শেষ করে দু'আর জন্য বসবে। আল্লাহর যথাযোগ্য প্রশংসা করবে। আমার ওপর দর্মদ পড়। তারপর তুমি যা চাও আল্লাহর কাছে দু'আ করবে।

ফুযালাহ্ (রাঃ)বলেন, এরপর আর এক ব্যক্তি এলো, সালাত আদায় করলো। সে সালাত শেষে আল্লাহর প্রশংসা করলো, নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-এর ওপর দর্নদ পাঠ করলো। নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বললেন, হে সালাত আদায়কারী! আল্লাহর কাছে দু'আও কর। দু'আ কবূল করা হবে। (তির্মিযী)[1]

আবূ দাঊদ, নাসায়ী-ও এরূপই বর্ণনা করেছেন।

# ফুটনোট

[1] সহীহ: তিরমিয়ী ৩৪৭৬, সহীহ আত্ তারগীব ১৬৪৩, নাসায়ী ১/১৮৯, আহমাদ ৬/১৮। যদিও এর সানাদে



রিশদীন ইবনু সা'দ দুর্বল রাবী কিন্তু নাসায়ীতে 'আবদুল্লাহ ইবনু ওয়াহ্ব থেকে আর তিরমিযী, আবূ দাউদ, আহমাদে হায়ওয়াহ থেকে এর মুতাবি' হাদীস রয়েছে যার মাধ্যমে তার সে ত্রুটি দূর হয়ে গেছে।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: হাদীসটি ইঙ্গিত করে আবেদনকারী তার অভাব পূরণকারীর নিকট প্রয়োজনীয় কিছু আবেদনের পূর্বে এমন কিছু উপস্থাপন করবে যা দ্বারা তাঁর নিকটবর্তী হওয়া সম্ভব হয়।

এ হাদীসকে রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলে দিয়েছেন কিভাবে মহান রবের নিকট বান্দা তার প্রয়োজন পূরণের জন্য দু'আ করবে।

এ হাদীস দ্বারা প্রমাণ হয়, সালাতে রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর ওপর দর্মদ পাঠ করা আবশ্যক।

আর 'আমীর ইয়ামানী বলেন, শেষ বৈঠকে দু'আ করাও ওয়াজিব হিসেবে সাব্যস্ত হয়েছে এবং দু'আর পূর্বে ''রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর ওপর দর্নদ পাঠ।'' যেমনটি জানা যায় ফুযালার হাদীস হতে। এজন্য দু'আ কবূলের পূর্ণাঙ্গতা আসবে, তাশাহুদের পরে দু'আর পূর্বে রসূলের ওপর দর্নদ পাঠ প্রেরণের মাধ্যমে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন